



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৫৫৪০২৫, ই-মেইল: dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১৭

তারিখ: ০৪ জুলাই ২০২২

**বিষয়:** আসন্ন স্টেড- উল-আয়হা উপলক্ষ্যে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানী বিল  
ক্রয়ের লক্ষ্যে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০৮ ও ০৯ জুলাই ২০২২ তারিখে খোলা রাখা প্রসংগে।

সূত্র নং: ডিওএস সার্কুলার লেটার নং-২৬, তারিখ ০৩ জুলাই ২০২২ ডিপার্টমেন্ট অব অফ সাইট সুপারভিশন,  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্রোক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন পরিত্র স্টেড-উল-আয়হা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি  
বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে প্রধান কার্যালয়ের  
সংশ্লিষ্ট বিভাগ (ফরেন রেমিটেল ম্যানেজমেন্ট বিভাগ, আর্টজাতিক বাণিজ্য বিভাগ, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ ও আইসিটি সিস্টেমস, কার্ড  
ও মোবাইল ব্যাংকিং বিভাগ) সহ স্থানীয় মুখ্য কার্যালয়, কাওরান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, নারায়নগঞ্জ কর্পোরেট শাখা,  
টঙ্গী শাখা, সাভার শাখা, আশুলিয়া শাখা, গাজীপুর শাখা, ভালুকা শাখা, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম কর্পোরেট শাখা ও ষোলশহর শাখা  
খোলা থাকবে।

০২। উক্ত দিবসদ্বয়ে ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে শুধুমাত্র ঢাকা মহানগরী, আশুলিয়া,  
টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট ব্যাংক শাখার উপর চেক  
প্রদান করা যাবে।

০৩। উল্লেখ্য, ০৮ ও ০৯ জুলাই ২০২২ তারিখ ছুটির দিন হওয়ায় এই দিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-  
১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি  
কর্মকর্তাগণকে ৪০০/- (চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/- (তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে  
উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্ত হবেন না।

জামিল হোসেন  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

### বিতরণঃ

০১। উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিটেল ম্যানেজমেন্ট/আর্টজাতিক বাণিজ্য/ট্রেজারী ম্যানেজমেন্ট/  
আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১৭

তারিখ: ০৪ জুলাই ২০২২

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।  
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।  
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-  
সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।  
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
১০। নথি/মহানথি।

বিপুল চন্দ্ৰ সৱকার  
মুখ্য কর্মকর্তা



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৬

১৯ আষাঢ় ১৪২৯

তারিখঃ -----

০৩ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

আসন্ন ঈদ-উল-আয়হা উপলক্ষ্যে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান  
ও রণ্ধনী বিল বিক্রয়ের লক্ষ্যে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখে খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-আয়হা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রণ্ধনি বিল বিক্রয়ের এবং উক্ত  
শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী,  
আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট  
শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখ পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের  
জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। উক্ত দিবসদ্বয়ে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার  
স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩